

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
www.dwa.shyamnagar.satkhira.gov.bd

স্মারক নংঃ- ৩২.০১.৮৭৮৬.০০০.১৮.০০১.২৫- ৩৯

তারিখঃ ০২/০২/২০২৫ খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন মা ও শিশু সহায়তা কর্মসূচির লার্নিং হাবের অনুরূপ মডেল শ্যামনগর উপজেলায় বাস্তবায়নের অংশ হিসেবে শ্যামনগর উপজেলার আটুলিয়া ইউনিয়নে সম্পূর্ণ অস্থায়ীভাবে শুধুমাত্র কর্মসূচি চলাকালীন সময়ের জন্য নিয়োগের লক্ষ্যে নিম্নোক্ত ছক অনুযায়ী আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	আবেদনের যোগ্যতা
মহিলা উন্নয়ন কর্মী	আটুলিয়া ইউনিয়নে= ১ জন	- আবেদনকারীকে আটুলিয়া ইউনিয়ন, পদ্মপুকুর ইউনিয়ন, বা শ্যামনগর পৌরসভার স্থায়ী বাসিন্দা/সংশ্লিষ্ট ইউনিয়নে স্থায়ীভাবে বসবাসকারী হতে হবে। - আবেদনকারীকে ন্যূনতম উচ্চমাধ্যমিক/আলিম পাশ হতে হবে এবং স্মার্টফোন চালনায় পারদর্শী হতে হবে। - আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে। - মানুষের সাথে যোগাযোগে দক্ষ, সাংগঠনিক দক্ষতা থাকা, এবং পূর্বে কমিউনিটি অর্গানাইজার বা ফিল্ড ফ্যাসিলিটের হিসেবে বা সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতা থাকা প্রার্থীগণকে আবেদন করতে উৎসাহিত করা হলো। - আবেদনকারীকে মহিলা হতে হবে।

মহিলা উন্নয়ন কর্মীর কাজের বিবরণঃ

- ওয়ার্ড পর্যায়ে কর্মসূচির কার্যক্রম সম্পর্কে ক্যাম্পেইন আয়োজন করা।
- নিয়মিতভাবে ওয়ার্ড পর্যায়ে স্থানীয় জনগণের সাথে কর্মসূচির মূল বার্তা সম্পর্কে পরামর্শ সভা আয়োজন ও যোগাযোগ রক্ষা করা।
- কর্মসূচির প্রাথমিক কার্যক্রম পরিচালনায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সার্বক্ষণিক সহায়তা প্রদান করা।
- স্থানীয় রিসোর্স পুলের সাথে সমন্বয় রক্ষা করা এবং ইউনিয়ন পর্যায়ে সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজন করা।
- কর্মসূচির অবহিতকরণ সভা এবং প্রশিক্ষণ সেশনগুলোতে স্থানীয় জনগণ এবং সংশ্লিষ্ট খানার সদস্যদের অংশগ্রহণ করতে উদ্বুদ্ধ করা। এবং, প্রত্যেক মাসে নতুন ভাতাভোগী সুপারিশের জন্য ইউনিয়ন পরিষদে মাসিক সভার আয়োজন করা।
- কর্মসূচির আওতায় ভাতার সুবিধাপ্রাপ্ত মা'দের নিয়ে স্থানীয় পর্যায়ে সভার আয়োজন করা ও মাসিক কর্মপরিকল্পনা প্রণয়ন।
- নিয়মিতভাবে স্থানীয় পর্যায়ে উঠান বৈঠক আয়োজন ও মাঠ পর্যায় এবং স্থানীয় জনগণের কাছ থেকে প্রয়োজনীয় ডাটা সংগ্রহ করা।
- উপজেলা পর্যায় বা অন্যান্য ইউনিয়নে প্রশিক্ষণ কার্যক্রম আয়োজনে সহায়তা করা।
- ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র, তথ্য আপা, ও ইউনিয়ন পরিষদের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।
- স্থানীয় জনগণের ইতিবাচক পরিবর্তনের কার্যক্রম ডকুমেন্টেশন এর জন্য কেস স্টাডি তৈরিতে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ করা।
- সহযোগী বেসরকারি উন্নয়ন সংস্থা কর্তৃক আয়োজিত ফলো আপ প্রশিক্ষণ ও অন্যান্য সেশন আয়োজনে সহযোগিতা প্রদান করা।
- এছাড়াও, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্তৃক নির্দেশিত অতিরিক্ত যেকোন কার্যক্রম এ সহায়তা প্রদান করা।

শর্ত ও নিয়মাবলীঃ

১। প্রার্থীকে আগামী ১০/০২/২০২৫ খ্রিঃ তারিখ, বিকাল ০৩:০০ ঘটিকার মধ্যে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে), নাগরিক সনদপত্রসহ সকল প্রয়োজনীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং ৩ (তিন) কপি রশ্মিন পাসপোর্ট সাইজের ছবিসহ কম্পিউটার কম্পোজকৃত আবেদন (মোবাইল নম্বর বাধ্যতামূলক), উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বরাবর সম্বোধন করে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না বা জমাকৃত আবেদন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

২। আবেদন ডাকযোগে, কুরিয়ারে, অথবা সরাসরি এসে জমা দেওয়া যাবে। আবেদনপত্র পাঠানোর ঠিকানাঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, শ্যামনগর, সাতক্ষীরা।

- ৩। শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয়পত্রের কপি বা অন্যকোন প্রয়োজনীয় ডকুমেন্ট ক্রস ভেরিফিকেশন করে যদি ভুয়া বা নকল হিসেবে পাওয়া যায় তবে সেই প্রার্থীর আবেদন বিনা নোটিশে বাতিল করা হবে।
- ৪। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ পরবর্তীতে প্রাক বাছাই এর পর মোবাইলে কল করে জানিয়ে দেওয়া হবে।
- ৫। প্রাথমিকভাবে মহিলা উন্নয়ন কর্মী পদের কার্যক্রমের মেয়াদ ১২ মাস (পরিবর্তনযোগ্য)। তবে তিন মাস পর পর কর্মীদের কাজের দক্ষতা মূল্যায়ন করা হবে এবং সেই মূল্যায়নের ভিত্তিতে দুর্বল/হানিকর দক্ষতার কর্মীকে চাকুরী হতে অব্যাহতি দেওয়ার ক্ষমতা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ৬। যেকোন আপডেট তথ্য পেতে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নোটিশ বোর্ড, ওয়েবসাইট, ও ফেসবুক পেইজ নিয়মিত অনুসরণ করার জন্য বলা হলো।
- ৭। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।


02.02.25

(শারিদ বিন শফিক)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

শ্যামনগর, সাতক্ষীরা।

ফোনঃ +৮৮০২ ৪৭৭৭৪৩৬২৫

ই-মেইলঃ uwaoshyamnagar@gmail.com

সদয় অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। কর্মসূচি পরিচালক, মা ও শিশু সহায়তা কর্মসূচি, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, শ্যামনগর।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সাতক্ষীরা।
- ৪। উপজেলা অফিসার, শ্যামনগর, সাতক্ষীরা।
- ৫। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/ ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, আটুলিয়া ইউনিয়ন পরিষদ, শ্যামনগর, (ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি টাঙ্গানোর অনুরোধসহ)।
- ৬। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, শ্যামনগর (বিজ্ঞপ্তিটির মাঠ পর্যায়ে প্রচারে উদ্যোগ নেওয়ার নির্দেশনাসহ)।
- ৭। অফিস কপি।